কুষ্টিয়ায় কাজী আরেফসহ জাসদের ৫ নেতা হত্যা দিবসে স্মরণ সভা

কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতার ২৪তম হত্যা দিবস উপলক্ষে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমিতে গতকাল শনিবার সকাল ১১ টায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন কুষ্টিয়া সমিল্লিত সামাজিক আন্দোলনের সভাপতি বীর মুক্তিযুদ্ধা নজরুল ইসলাম। প্রধান অতিথি হিসে সম্মিলিত সামাজিক আন্দোলনের কেন্দ্রীয় নির্বাহী সভাপতি অধ্যাপক রোবায়েত ফেরদৌস। বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট গবেষক ও লেখক এ্যাডঃ লালিম হক ও সালেহ আহমেদ।

বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি আলহাজ্ব গোলাম মহসিন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য জাহিদ আলম,কেন্দ্রীয় কমিটির সদস্য মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক জননেতা আহাম্মদ আলী, অধ্যাপক জাহাঙ্গীর আলম সবুজ, হাসিবুর রশিদ তামিম, কমরেড হাফিজ সরকার, অধ্যাপক গোপা সরকার, খলিলুর রহমান মজু,শহীদ লোকমান হোসেনের সন্তান এ্যাডঃ আল মুজাহিদ মিঠু, সাংস্কৃতিক ব্যাক্তি কনক চৌধুরী, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের সহকারী অধ্যাপক অজয় মৈত্র,শহীদ এ্যাডঃ ইয়াকুব আলী’র সন্তান জনাব ইউসুফ আলী রুসো,এ্যাডঃ সোহেলী পারভীন ঝুমুর সাধারণ সম্পাদক অরিন সাংস্কৃতিক সংসদ কুষ্টিয়া, শাফি আব্দুল্লাহ রিডিং সার্কেল কুষ্টিয়া,সাংবাদিক হাসান আলী, মিরপুর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান শেখ মোহাম্মদ বাহাদুর, কুষ্টিয়া সদর উপজেলা জাসদের সভাপতি বীর মুক্তিযুদ্ধা আমিরুল ইসলাম মুকলু, কুষ্টিয়া আদর্শ কলেজের সহকারী অধ্যাপক কবি ও লেখক দিলশাদ বেগমসহ বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক, ছাত্রলীগ, যুবজোট, নারীজোট ও জাসদের সর্বস্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন কুষ্টিয়া জেলা জাসদের নেতা কারশেদ আলম।

নেতৃবৃন্দ জাতীয় নেতা কাজী আরেফ আহমেদ সহ পাঁচ জাসদ নেতা হত্যার সাজাপ্রাপ্ত পলাতক আসামীদের গ্রেপ্তার করে রায় কার্যকর করার দাবি জানান,একই সাথে সামপ্রদায়িক স্বাধীনতা বিরোধী অপশক্তি,দুর্নীতি দখলবাজদের মোকাবিলা করে – মুক্তিযুদ্ধের চেতনায় সমাজ বিনির্মানে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। সম্মিলিত সামাজিক আন্দোলন

সারাদেশে কাজী আরেফ আহমেদের স্বপ্ন বুকে ধারন করেই সামাজিক সন্ত্রাসী রাজাকারদের বিরুদ্ধে আন্দোলন সংগ্রাম গড়ে তুলবে।

আমদহ ইউপি নির্বাচনে আ. লীগের প্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা

আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা।

বুধবার বিকেলে সদর উপজেলা রিটার্নিং কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তী কাছে মনোনয়নপত্র জমা দেয়।

আমদহ ইউনিয়ন আ. লীগের মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী রওশন আলী টোকনের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট কাজী শহিদুল হক, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও আমদহ ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হীরা, থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, চকশ্যামনগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শওকত, বন্দর আওয়ামী লীগের সভাপতি মনি ও সাধারণ সম্পাদক শাহিন, খন্দকার পাড়া আওয়ামী লীগের সভাপতি মোঃ গাজী সহ মেহেরপুর জেলা আওয়ামী লীগ ও আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আমদহ আ. লীগের মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের শোভাযাত্রা

আমদহ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী রওশন আলী টোকনের শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। গতকাল শনিবার বিকেলে আমদহ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ড প্রদক্ষিণ করেন।

শোভাযাত্রায় উপস্থিত ছিলেন আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট কাজী শহিদুল হক, জেলা আওয়ামী লীগের উপর দপ্তর সম্পাদক গোলাম কিবরিয়া, জেলা আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও আমদহ ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রুস্তম আলী, জেলা তাঁতী লীগের সভাপতি নূর ইসলাম সুবাদ, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হীরা, মেহেরপুর সদর থানা ছাত্রলীগের সভাপতি বাইজিদ, আমদহ ইউনিয়ন ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাসিবুর রহমান রিন্টু, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি বাইজিদ আহমেদ সুইট, আমদহ ৮ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল হান্নান, আমদহ ৫ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলী, আমদহ ৩ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ মনিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক শাহিন আলম সহ ছাত্রলীগ, যুবলীগ এবং আওয়ামী লীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় ৩ শতাধিক মোটরসাইকেল সহ কয়েকটি মাইক্রো গাড়ি শোভা যাত্রায় অংশ নেয়।

আমদহ ইউপি নির্বাচনে জাতীয় পার্টির মনোনয়নপত্র জমা

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে জাতীয় পার্টির চেয়ারম্যান প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দিয়েছে মোঃ নজরুল

ইসলাম।

আজ শনিবার বিকেল ৩ টার সময় সদর উপজেলা রিটার্নিং কর্মকতা দোলন কান্তি চন্দ্রের কাছে মনোনয়নপত্র জমা দেয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টি আহ্বায়ক আব্দুল হামিদ, আব্দুল মান্নান, মোহাম্মদ কুতুব উদ্দিন, ইকবাল হোসেন, মৌলিত হোসেন, এনামুল হক, খাকসিরুল ইসলাম সহ জাতীয় পার্টির অনান্য সদস্যরাও উপস্থিত ছিলেন।

দলীয় মনোয়নপত্র নিয়ে ফিরলেন দর্শনায়, ফুলের শুভেচ্ছায় সিক্ত আতিয়ার রহমান হাবু

ঢাকা থেকে দলীয় মনোয়নপত্র নৌকা প্রতীক নিয়ে ফিরলেন আতিয়ার রহমান হাবু।পথে পথে ফুলের শুভেচ্ছায় সিক্ত হলেন দলীয় নেতা কর্মীদের ভালবাসায় আতিয়ার রহমান হাবু।

গতকাল বৃহস্পতিবার ১২ টার দিকে দর্শনার আকন্দবাড়িয়া আবাসন প্রকল্পের কাছে পৌছালে নেতা কর্মীরা আতিয়ার রহমান হাবুকে ফুলেল শুভেচ্ছায় বরন করে নেন। পরে মোটরসাইকেল যোগে দর্শনা রেল বাজার বঙ্গবন্ধু চত্তরে পৌছালে নেতা কর্মীদের স্লোগানে মুখরিত হয়ে উঠে বঙ্গবন্ধু চত্তর।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের গণ মানুষের নেতা সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ’ লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, আ’ লীগ নেতা বিল্লাল হোসেন, বীর মুক্তিযোদ্ধা এরশাদ মাষ্টার, হাজী ইদ্রিস আলী, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল কবির সমুন, আ’ লীগ নেতা সোলায়মান কবির, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, মামুন শাহ, কমিশনার এনামুল কবির, মকুল জোয়াদ্দার,

মনির সর্দার, ছাত্রলীগের নেতা নাহিদ পারভেজ, অপু সরকার, এ সময় উপজেলা আ’ লীগের সহ সভাপতি দলীয় মনোনীত প্রার্থী আতিয়ার রহমান হাবু সবার কাছে দোয়া চান।

উল্লেখ্য গত বুধবার বিকাল ৪ টায় গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা এমপির সরকারী বাসভবন গণ ভবনে বাংলাদেশ আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের এক সভা অনুষ্ঠিত হয়।

এসভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা (এমপি)। সভায় সম্মতিক্রমে দর্শনা পৌর উপ-নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসাবে মনোনীত করেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আতিয়ার রহমান হাবুকে।

বর্তমান সরকার কৃষিতে বিপ্লব ঘটিয়েছে –জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, ২০০১ থেকে ২০০৬ সালে বিঘাপ্রতি থেকে ৭ মনের বেশি ধান পাওয়া যেতনা। আজকে উন্নত বিজের মাধ্যমে ৩০ মন পর্যন্ত ধান পাওয়া যাচ্ছে। আজ গ্রাম শহরে পরিণত হয়েছে। গ্রামে বসেই মানুষ শহরের সকল সুবিধা পাচ্ছে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কারণে কৃষি ফসল মাঠ থেকে ট্রাকে করে দেশের বিভিন্ন স্থানে পাঠানো যায়। এর ফলে কৃষিতে ব্যাপক বিপ্লব ঘটেছে।

বৃহস্পতিবার বিকালে আমঝুপি বালক সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে এ কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, আজ সারা বাংলাদেশে পরিবর্তন ঘটে গেছে। ২০০৮ সালের আগে দেশে সারের যে অব্যবস্থাপনা ছিলো। কৃষকরা ঠিক মত সার

পাচ্ছিলেন না, ৬০ টাকা কেজি ইউরিয়া সার কিনেছেন। এমওপি পাওয়া যাচ্ছিলো না। ৯০ টাকা কেজি দরে এমওপি কিনতে হতো। ২০০৮ সালের ২৯ ডিসেম্বরের নির্বাচনের মধ্যে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান বাংলাদেশ কৃষিতে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত হয়েছে। আওয়ামী লীগ সরকার কৃষি বান্ধব সরকার।

আমঝুপি ইউনিয়ন কৃষক লীগের আহ্বায়ক মাহবুবুল হকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুব আলম শান্তি, সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক ও বাড়াদী ইউনিয়নের চেয়ারম্যান মোমিনুল ইসলাম।

সম্মেলনে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

সম্মেলন শেষে মুক্তিযোদ্ধা মাহবুবুল হককে সভাপতি এবং সাদ আলীকে সাধারণ সম্পাদক করে আমঝুপি ইউনিয়ন কৃষক লীগের কমিটি ঘোষণা করা হয়।

কোটচাঁদপুরে ২০ জন পঙ্গুর মধ্যে চেয়ারম্যানের হুইল চেয়ার বিতরন

২০ জন দুঃস্থ্য,অসহায় ও পঙ্গুদের মধ্যে হুইল চেয়ার বিতরন করলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা নেসা মিকি।

আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ থেকে এ চেয়ার দেয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুঃস্থ্য,অসহায় ও পঙ্গুদের মধ্যে হুইল চেয়ার বিতরন করেন,উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা নেসা মিকি। তিনি বলেন, প্রতি বছরের ন্যায় এ বছরও বার্ষিক উন্নয়ন প্রকল্পের(এডিপি) অর্থায়নে পরিষদের পক্ষ থেকে দুঃস্থ্য,অসহায় ও পঙ্গুদের জন্য বরাদ্ধ ছিল। যা থেকে ২০ জনের মধ্যে হুইল চেয়ার কিনে তা বিতরন করা হয়।

যার মধ্যে রয়েছে, রুমা খাতুন,খুকি বেগম,লবাই মন্ডল, আব্দুর রশিদ, মনোয়ারা বেগম,নাইম ইসলাম, আরাফাত হোসেন, নাফিস হোসেন,শুকুর আলী, নাহার বেগম,মোমেনা খাতুন,সাইদুর রহমান,মতলেব মিয়া। এ ছাড়া সাব-রেজিষ্ট্রি অফিসে পঙ্গু মানুষ জমি রেজিষ্ট্রি করতে এসে বিপদে পড়েন। এই বিবেচনায় স্থানীয় সাব-রেজিষ্ট্রিকে একটা চেয়ার দেয়া হয়।

এ সময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন,উপজেলা প্রকৌশলী মিজানুর রহমান, সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্চয় কুমার।

দর্শনা পৌর উপ নির্বাচনে মেয়র পদে নৌকা প্রতীক পেলেন আতিয়ার রহমান হাবু

সকল জল্পনাকল্পনার অবসান ঘটিয়ে দর্শনা পৌর উপ নির্বাচনে দলীয় মনোনয়ন নৌকা প্রতীক পেলেন আতিয়ার রহমান হাবু।

গতকাল বুধবার বিকাল ৪ টায় গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা এমপির সরকারী বাসভবন গণ ভবনে বাংলাদেশ আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের এক সভা অনুষ্ঠিত হয়।

এসভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা (এমপি)। সভায় সম্মতিক্রমে দর্শনা পৌর উপ-নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসাবে মনোনীত করেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আতিয়ার রহমান হাবুকে।

এ দলীয় মনোয়নপত্র দেওয়ার সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু সহ আওয়ামী লীগের রাজনৈতিক নের্তৃবৃন্দ।

উল্লেখ্য, দর্শনা পৌরসভার মেয়র মতিয়ার রহমান মৃত্যু বরণ করায় মেয়র পদ শূন্য হয়ে পড়ে। এ শূন্য মেয়র পদের জন্য উপ-নির্বাচনের ঘোষণা দেন নির্বাচন অফিস। সে লক্ষে আগামী ১৬ মার্চ দর্শনা পৌর সভার মেয়র পদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপ-নির্বাচনে মেয়র পদে

গত রবিবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাচন কমিশনারের কার্যালয় থেকে মনোনয়নপত্র উত্তোলন করেন দর্শনা ইসলাম পাড়ার প্রয়াত শামসুল ইসলামের ছেলে ও সদ্য প্রয়াত মেয়র মতিয়ার রহমানের সহদর আতিয়ার রহমান হাবু।

আমদহ ইউপি নির্বাচনে আ.লীগের মনোনয়ন পেলেন রওশন আলী টোকন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদে নির্বাচনে ৭জনেক টপকিয়ে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেলেন আমদহ ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রওশন আলী টোকন।
আজ বুধবার সন্ধ্যায় আওয়ামী লীগের স্থানীয় সরকার মনোনয়ন বোর্ডের সভা শেষে রওশন আলীকে মনোনয়ন দেওয়া হয়।

মনোনয়ন পেতে সাত প্রার্থী আবেদন জমা দিয়েছিলেন। বাকি ৬ জন হলেন, বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আনারুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক উপ-সমাজ সেবা

সম্পাদক এ্যাড. আব্দল্লাহ আল মামুন রাসেল, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি বায়েজিদ আহমেদ সুইট, জেলা তাঁতী লীগের আহবায়ক সুবাদ আলী এবং আওয়ামী লীগ কর্মী একরামুল হক।

এদিকে, আগামী ১৯ ফেব্রুয়ারি রিটার্নিং অফিসারের কাছে মনোয়নয় জমা দেওয়ার শেষ দিন ধার্য আছে। আগামী ১৬মার্চ দীর্ঘ ১২ বছর পর আমদহ ইউনিয়ন নির্বাচন অনুষ্ঠিত হবে।

আমদহ ইউনিয়ন নির্বাচনে দলীয় মনোনয়ন লড়াইয়ে আওয়ামী লীগের ৭ প্রার্থী

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদে নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে ৭জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এদের মধ্যে কয়েকটি বিবেচনায় তিন প্রার্থী মনোনয়ন লড়াইয়ে এগিয়ে রয়েছেন বলে জানা গেছে।

গতকাল সোমবার শেষ দিন পর্যন্ত আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে মনোনয়ন জমা দেওয়া প্রার্থীরা হলেন- বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আনারুল ইসলাম, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক উপ-সমাজ সেবা সম্পাদক এ্যাড. আব্দল্লাহ আল মামুন রাসেল, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আতিয়ার রহমান হিরা, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রওশন আলী টোকন, আমদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি বায়েজিদ আহমেদ সুইট, জেলা তাঁতী লীগের আহবায়ক সুবাদ আলী এবং আওয়ামী লীগ কর্মী একরামুল হক।

আগামীকাল বুধবার আওয়ামী লীগের স্থানীয় সরকার বিষয়ক মনোনয়ন বোর্ডের সভা অনুষ্ঠিত হবে। সভা শেষে দলীয় প্রার্থীর নাম ঘোষনা করা হবে বলে জানা গেছে।

এদিকে, স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে কথা বলে জানা গেছে,

৭জন মনোনয়ন জমা দিলেও ৩ প্রার্থী এগিয়ে রয়েছেন বলে তারা ধারণা করছেন। এগিয়ে থাকা প্রার্থীরা হলেন বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম, এ্যাড. আব্দুল্লাহ আল মামুন রাসেল ও আতিয়ার রহমান হিরা।